গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এনআইএস ও এপিএ শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা সংস্থাসমূহের NIS কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর দ্বিতীয় প্রান্তিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২১) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ২৯ ডিসেম্বর, ২০২১ |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | : | অনলাইনে (জুম এ্যাপস) |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ২০১৩ সালে জারীকৃত পরিপত্র অনুযায়ী নৈতিকতা কমিটির কার্যপরিধি এবং এ বিভাগের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা মোতাবেক নৈতিকতা কমিটির সভার আয়োজন করা হয়েছে। এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২১-২০২২ অর্থবছরের NIS কর্ম-পরিকল্পনার দ্বিতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং NIS সংশ্লিষ্ট বিবিধ বিষয় সম্পর্কে আলোচনার জন্য এ সভা অনুষ্ঠিত হচ্ছে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব মুহাম্মদ আব্দুর রহিম সুজন এ বিভাগ ও অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

২.০ ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনার দ্বিতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করা হয় :

২.১ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনার প্রথম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি অনুসারে প্রায় শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এরই ধারাবাহিকতায় দ্বিতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতিও সন্তোষজনক।

২.২ সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ) ২০২১-২০২২ অর্থ-বছরের ২য় প্রান্তিকে NIS কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করেছে।

২.৩ বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) বিগত বছরসমূহের তুলনায় ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনা সন্তোষজনকভাবে বাস্তবায়ন করছে। পর্যালোচনায় শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

২.৪ বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনার দ্বিতীয় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় কর্মসম্পাদন সূচক ২.৩ : 'বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন' কার্যক্রমে ২য় প্রান্তিকে লক্ষ্যমাত্রা ৫০% এর বিপরীতে অর্জন ৪৫%। এ বিষয়ে জানতে চাওয়া হলে বিআরটিসির পক্ষ হতে জানানো হয় যে, লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে; আগামী প্রান্তিকে প্রয়োজনীয় সমন্বয় সাধন করে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করা হবে।

২.৫ ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর ২০২১-২০২২ অর্থ-বছরের NIS বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় কর্ম-পরিকল্পনা অনুসারে তাদের অর্জন সন্তোষজনক।

২.৬ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) এর ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনা পর্যালোচনায় দেখা যায় লক্ষ্যমাত্রা অনুসারে তারা শতভাগ কার্যক্রম বাস্তবায়ন করেছে।

২.৭ ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি) এর ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনার দ্বিতীয় প্রান্তিকের অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় কর্মসম্পাদন সূচক ২.৩ : 'বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন' কার্যক্রমে ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা ৩০% এর বিপরীতে অর্জন ১৯% উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে সভাপতি কর্তৃক ক্ষোভ প্রকাশ করে লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার কারণ জানতে চাওয়া হলে ঢাকা বিআরটির পক্ষ হতে জানানো হয় প্রকল্পের অর্থছাড় সময়মত না হওয়ার ফলে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। একইভাবে অর্থছাড় সংক্রান্ত জটিলতার কারণে কর্মসম্পাদন সূচক ৩.৩ : 'বিল পরিশোধের ক্ষেত্রে ৫০% বিল ২ সপ্তাহের মধ্যে, ৭৫% বিল ৩ সপ্তাহের মধ্যে পরিশোধকরণ' এর নির্ধারিত লক্ষ্যমাত্রা ১ এর বিপরীতে কোন অর্জন নেই। নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন না হওয়ার যে কারণ ব্যাখ্যা করা হয় তা যথাযথ নয় মর্মে উল্লেখ করে সভাপতি কর্তৃক অসন্তোষ প্রকাশ করা হয় এবং যে কোন প্রকারে অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ডিবিআরটিসিএল কে নির্দেশনা প্রদান করা হয়।

২.৮ অতঃপর এ বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব মুহাম্মদ আব্দুর রহিম সুজন সভাকে অবহিত করেন যে, গত ২১ ডিসেম্বর, ২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে NIS কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতির ফিডব্যাক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় এ বিভাগের NIS কর্ম-পরিকল্পনা পর্যালোচনাপূর্বক কয়েকটি নির্দেশনা প্রদান করা হয়। কর্মসম্পাদন সূচক ১.২ : 'নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন' কার্যক্রমে লক্ষ্যমাত্রা ১০০% হতে হবে। দপ্তর/সংস্থা পর্যায়েও এটি ১০০% হতে হবে। কর্মসম্পাদন সূচক ১.৩ : 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা' কার্যক্রমে মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দপ্তর/সংস্থার প্রতিনিধি, যাত্রীদের প্রতিনিধি, মিডিয়া ব্যক্তিবর্গ, সুশীল সমাজের প্রতিনিধি, সরাসরি সেবা গ্রহণকারী, ঠিকাদার প্রতিনিধি, বিভিন্ন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকসহ সুশাসনের প্রতিষ্ঠার সাথে সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গকে অংশীজন হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। কর্মসম্পাদন সূচক ১.৫ : '(ক) অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের (মাস্ক পরিধান, হ্যান্ড সেনিটাইজারিং ব্যবস্থা, সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা, ওয়াশ রুম পরিচ্ছন্ন থাকা) বিষয়ে পরিবীক্ষণ' কার্যক্রমে কতগুলো কার্যক্রম গ্রহণ করা হয়েছে, কখন বাস্তবায়িত হয়েছে তার নির্দিষ্ট প্রমাণক থাকতে হবে। কর্মসম্পাদন সূচক ১.৮ : কার্যক্রমে চলতি অর্থবছর থেকে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০২১ অনুসারে পুরস্কার প্রদান করতে হবে। কর্মসম্পাদন সূচক ২.৪ : 'প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা' কার্যক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯৯৯ ও ২০০৬ সালের পরিপত্র অনুসারে (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) হস্তান্তর নিশ্চিত করতে হবে। ৩ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম ফলাফল ভিত্তিক হতে হবে এবং প্রমাণক দাখিলের সময় গৃহীত কার্যক্রমের ফলে কি কি শুদ্ধাচার প্রতিষ্ঠিত হয়েছে তার সুস্পষ্ট ব্যাখ্যা থাকতে হবে।

৩.০ বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

সিদ্ধান্ত :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর কর্মসম্পাদন সূচক ২.৩ : 'বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন' কার্যক্রমে চলতি অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিসি |
| (২) | ঢাকা বিআরটি এর কর্মসম্পাদন সূচক ২.৩ : 'বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন কার্যক্রম' এবং কর্মসম্পাদন সূচক ৩.৩ ক্রমিকের কার্যক্রমে 'বিল পরিশোধের ক্ষেত্রে ৫০% বিল ২ সপ্তাহের মধ্যে, ৭৫% বিল ৩ সপ্তাহের মধ্যে পরিশোধকরণ' চলতি অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ঢাকা বিআরটি |
| (৩) | কর্মসম্পাদন সূচক ১.২ : 'নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন' কার্যক্রমে লক্ষ্যমাত্রা ১০০% হিসেবে পুনর্নির্ধারিত হবে। দপ্তর/সংস্থা পর্যায়েও এটি ১০০% হিসেবে পুনর্নির্ধারিত হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (৪) | কর্মসম্পাদন সূচক ১.৩ : 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা' কার্যক্রমে মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দপ্তর/সংস্থার প্রতিনিধি, যাত্রীদের প্রতিনিধি, মিডিয়া ব্যক্তিবর্গ, সুশীল সমাজের প্রতিনিধি, সরাসরি সেবা গ্রহণকারী, ঠিকাদার প্রতিনিধি, বিভিন্ন কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকসহ সুশাসনের প্রতিষ্ঠার সাথে সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গকে অংশীজন হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |
| (৫) | কর্মসম্পাদন সূচক ১.৫ : '(ক) অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের (মাস্ক পরিধান, হ্যান্ড সেনিটাইজারিং ব্যবস্থা, সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা, ওয়াশ রুম পরিচ্ছন্ন থাকা) বিষয়ে পরিবীক্ষণ' কার্যক্রমে মোট কতগুলো কার্যক্রম গ্রহণ করা হয়েছে ও সেগুলো কখন বাস্তবায়িত হয়েছে তার নির্দিষ্ট প্রমাণক যথাসময়ে দাখিল করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |
| (৬) | কর্মসম্পাদন সূচক ১.৮ এর জন্য গৃহীত কার্যক্রমে চলতি অর্থবছর থেকে শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০২১ অনুসারে পুরস্কার প্রদান করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |
| (৭) | কর্মসম্পাদন সূচক ২.৪ : 'প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা' কার্যক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯৯৯ ও ২০০৬ সালের পরিপত্র অনুসারে (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) যথাসময়ে হস্তান্তর নিশ্চিত করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিসি/ ডিটিসিএ |
| (৮) | কর্মসম্পাদন সূচক ৩ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম ফলাফল ভিত্তিক হতে হবে এবং প্রমাণক দাখিলের সময় গৃহীত কার্যক্রমের ফলে কি কি শুদ্ধাচার প্রতিষ্ঠিত হয়েছে তার সুস্পষ্ট ব্যাখ্যা থাকতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল/ঢাকা বিআরটি |

৪.০ সভাপতির বক্তব্যে বিগত বছরের ন্যায় এ বছরও আমাদের সাফল্য ধরে রাখতে হবে মর্মে উল্লেখ করে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের প্রচেষ্টা অব্যাহত রাখার বিষয়ে তাগিদ দেয়া হয়। NIS কর্ম-পরিকল্পনা অনুসারে দ্বিতীয় প্রান্তিকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে এবং প্রান্তিক শেষ হবার পূর্বে কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৫.০ আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
২/১/২২
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০৪৯.০৬.০০৮.২১-১১৯

তারিখ : ২১ পৌষ, ১৪২৮
০৫ জানুয়ারি, ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), বনানী, ঢাকা
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা
০৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
০৯। যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৩। অফিস কপি/মাস্টার কপি।

০৫.০১.২০২২
(মুহাম্মদ আব্দুর রহিম সুজন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৫৫২৮
E-mail: dsaudit@rthd.gov.bd